কোটচাঁদপুরে প্রাইভেট ক্লিনিক-ডায়াগনিষ্টিক পরিদর্শন করলেন সিভিল সার্জন

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার বিভিন্ন প্রাইভেট ক্লিনিক ও ডায়াগনিষ্টিক সেন্টার পরিদর্শন করেছেন জেলা সিভিল সার্জন ডাঃ শুভ্রা রাণী।

বৃহস্পতিবার সকালে তিনি এ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি কয়েকটি প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে সন্তোষ প্রকাশ করলেও অধিকাংশ প্রতিষ্ঠানের অ-ব্যবস্থাপনা দেখে অসন্তষ্টি প্রকাশ করেন।

এসময় তিনি সাংবাদিকদের বলেন, অভিযুক্ত ক্লিনিক মালিকদের এক সপ্তাহের মধ্যে ক্লিনিক হাসপাতালের পরিবেশ সহ সার্বিক বিষয়ে সঠিক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছি। তা না হলে, মোবাইল কোর্টের মাধ্যমে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। এছাড়াও দুটি চক্ষু ক্লিনিকের কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ কৃষ্ণ কমল পাল, এ্যানেথেসিওলজিষ্ট ডাঃ রাইসুল ইসলাম জুয়েল প্রমূখ।

দর্শনায় সিনিয়র সচিব তপন কান্তি ঘোষের কেরুজ চিনিকল ও বন্দর পরিদর্শন

চুয়াডাঙ্গার দর্শনায় অবস্থিত ঐতিহ্যবাহি একমাত্র ভারি শিল্প প্রতিষ্ঠান কেরু এ্যান্ড কোম্পানী বাংলাদেশ লিমিটেড ও দর্শনা

স্থল বন্দর পরিদর্শন করেছেন বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ।

শুক্রবার বেলা ১১ ঘটিকার সময় কেরুজ ডিষ্টিলারী কারখানা পরিদর্শন শেষে গেস্ট হাউজে চিনিকল কর্মকর্তাদের সাথে কেরুজ উৎপাদিত বিভিন্ন পণ্যের বিপণন ও বিএমআর কার্যক্রম বিষয় এবং সার্বিক পরামর্শমূলক আলোচনা করেন ।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন, কেরু এ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, এনডিসি মোঃ জাকির হোসেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দামুড়হুদা সহকারি কমিশনার ভূমি সুদীপ্ত কুমার সিংহ,কেরুজ জিএম (অর্থ) সাইফুল ইসলাম, জিএম (ডিষ্টিলারী) ফিদা হাসান বাদশা, জিএম (ফ্যাক্টরী) সুমন কুমার সাহা, জিএম (কৃষি) আশরাফুল আলম ভূইয়া, মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দিন,উপ-ব্যবস্থাপক (প্রশাসন) মাসুদ রেজা প্রমুখ।

পরে দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট ও বন্দর পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন খুব তাড়াতাড়ি এ বন্দরটি চালু হবে। এবং ভারতের সাথে বাণিজ্যিক ভাবে আমাদের ব্যাবসা দিন দিন প্রসারিত হচ্ছে। এ বন্দরটি চালু হলে ভারতের সাথে আমাদের সু সম্পর্ক আরও গাড় হবে।

মেহেরপুর জেলা প্রশাসনের কার্যালয় পরিদর্শন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর জেলা প্রশাসনের কার্যালয় এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড, সৌন্দর্য বর্ধক কার্যক্রম ও ছাদ বাগান পরিদর্শন করলেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আজ বুধবার সকালে নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের শপথ

গ্রহন অনুষ্ঠানের আগ মুহূর্তে তিনি মেহেরপুর জেলা প্রশাসনে কার্যালয়টি পুরো পরিদর্শন করেন।

এ সময় তার সাথে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর জেলা আওয়ামী সাধারণ সম্পাদক এম.এ খালেক, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদা, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।